গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

**জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ উদ্‌যাপনের নিমিত্ত ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুর রহমান, এমপি<br>মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. |
| সময় | : | দুপুর ১২.৩০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, রমনা, ঢাকা |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ''ক''

সভার শুরুতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ আব্দুর রহমান এমপি এবং ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে মোঃ আব্দুল কাইয়ুম, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় উপস্থিত সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ করেন। পরিচিতি পর্ব শেষে তিনি মৎস্য সেক্টরে ইলিশের অবদান এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপনের পটভূমি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, জাটকা সংরক্ষণে অধিকতর জনসচেতনতা সৃষ্টি ও জাটকা নিধনরোধে জেলেদের উৎসাহিত করতে ২০০৭ সাল থেকে "জাটকা সংরক্ষণ সপ্তাহ" উদযাপন করা হচ্ছে। তিনি বলেন, জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপনের ক্ষেত্রে তারিখ ও স্থান নির্বাচন সবচেয়ে গুরুত্বপূর্ণ। ইতঃপূর্বে উদযাপিত জাটকা সংরক্ষণ সপ্তাহের তারিখ, স্থান এবং স্লোগান সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি জনাব মোঃ আব্দুর রহমান, মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, ইলিশের জন্য চাঁদপুর ও বরিশাল খুবই গুরুত্বপূর্ণ। জাটকার গুরুত্ব বিবেচনায় চাঁদপুর সদর, চাঁদপুরে জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর উদ্বোধন অনুষ্ঠান আয়োজন এবং আগামী ১১-১৭ মার্চ, ২০২৪ পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ১৬টি স্লোগান নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতিসহ অধিকাংশ সদস্য 'ইলিশ হলো মাছের রাজা - জাটকা ধরলে হবে সাজা' স্লোগান হিসেবে নির্বাচনের বিষয়ে একমত পোষণ করেন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মৎস্য অধিদপ্তরের ইলিশ ব্যবস্থাপনা শাখার উপপ্রধান জনাব মাসুদ আরা মমি জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর বিস্তারিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' এর উদ্বোধনের আগের দিন/সুবিধাজনক সময়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সংবাদ সম্মেলনের মাধ্যমে 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' এর তারিখ, গৃহীত কর্মসূচি ও জাটকা সংরক্ষণের গুরুত্ব দেশবাসীকে অবহিত করবেন। 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' এর উদ্বোধনী দিনে দেশের বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ, বিটিভিসহ বেসরকারি টিভি চ্যানেলে স্ক্রল এবং 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' উপলক্ষ্যে নির্মিত টিভিসি প্রচার, বেতার ও টিভিতে জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান আয়োজন, দেশের সকল মোবাইল অপারেটরের মাধ্যমে ক্ষুদে বার্তা (sms) প্রেরণ, ঢাকা শহরে ডিজিটাল বিলবোর্ডের মাধ্যমে প্রচার, সংশ্লিষ্ট জেলা/উপজেলাসমূহে জেলে/মৎস্যজীবীদের নিয়ে জনসচেতনতা সভা আয়োজন, উদ্বোধন অনুষ্ঠানসহ ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়ক/দ্বীপ সজ্জিতকরণ, ঢাকা মহানগরীর সকল আড়ৎ, মাছ ঘাট ও বাজারসহ জনবহুল স্থানসমূহে মাইকিংসহ সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হবে। এছাড়া 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' উদযাপনের অংশ হিসেবে ০৭ দিন ঢাকা মহানগরীর সকল মাছ ঘাট, আড়ৎ ও বাজারে জাটকা বিরোধী মোবাইল কোর্ট/অভিযান এবং ইলিশ অভয়াশ্রমসহ উপকূলীয় সকল নদ-নদীতে জাটকা বিরোধী মোবাইল কোর্ট/অভিযান জোরদার করা হবে বলে সভাকে অবহিত করেন।

০৩। জনাব মোহাং সেলিম উদ্দিন, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জাটকা রক্ষায় প্রচার-প্রচারণা জোরদারকরণের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, জেলা/উপজেলাগুলোতে জেলে/মৎস্যজীবীদের সচেতনতা সভাগুলো উপজেলা পরিষদ বা জেলা প্রশাসকের কার্যালয়ে আয়োজন না করে জেলে পল্লী/মাছ ঘাট/মাছ বাজারগুলোতে আয়োজন করলে প্রকৃত জেলে/মৎস্যজীবীদের প্রতিনিধিত্ব বাড়বে, যা অধিকতর ফলপ্রসু হবে। তিনি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের পাশাপাশি 'জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪' উপলক্ষ্যে নির্মিত টিভিসি ডিজিটাল বিলবোর্ড এবং ক্যাবল অপারেটরের সহযোগিতায় প্রচার প্রচারণার নির্দেশনা প্রদান করেন। উদ্বোধনী স্থানসহ ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়ক/দ্বীপ (বিজয় সরণী, মৎস্য ভবন, প্রেসক্লাব, সচিবালয়) সজ্জিতকরণ এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ চলাকালীন প্রতিদিনই মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) আগামী ১১ মার্চ হতে ১৭ মার্চ, ২০২৪ খ্রি. পর্যন্ত 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪' উদযাপিত হবে;

খ) ০৬ মার্চ, ২০২৪ তারিখ সকাল ১১.৩০ টায় মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার প্রতিনিধি এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের উপস্থিতিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে;

গ) ১১ মার্চ, ২০২৪ তারিখ চাঁদপুর সদর, চাঁদপুরে উদ্বোধন অনুষ্ঠান ও নৌ-র‍্যালির মাধ্যমে জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর শুভ সূচনা করবেন মাননীয় মন্ত্রী জনাব মোঃ আব্দুর রহমান, এমপি;

ঘ) ''**ইলিশ হলো মাছের রাজা – জাটকা ধরলে হবে সাজা**'' শ্লোগানটি এ বারের শ্লোগান/প্রতিপাদ্য হিসাবে গ্রহণ করা হয়।

ঙ) জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ উদযাপন উপলক্ষ্যে নিম্নোক্তভাবে কেন্দ্রীয় কর্মসূচী বাস্তবায়িত হবে:

| দিন, তারিখ ও সময় | কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| **১ম দিন**<br>**১১/০৩/২৪** | জাতীয় দৈনিক পত্রিকায় জাটকা সংরক্ষণ বিষয়ক বিজ্ঞপ্তি প্রকাশ।<br><br>মাননীয় মন্ত্রী কর্তৃক জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা<br>স্থান: মোলহেড প্রাঙ্গন, চাঁদপুর সদর, চাঁদপুর<br><br>জাটকা সংরক্ষণ সপ্তাহ উপলক্ষে নৌ-র‍্যালি<br>স্থান: মোলহেড প্রাঙ্গন, চাঁদপুর সদর, চাঁদপুরের উদ্বোধনী স্থান সংলগ্ন নদীতে। | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>• মৎস্য অধিদপ্তর<br>• জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)<br>• উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)<br>• উপপরিচালক, এফএলআইডি<br>• জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)<br>• বাংলাদেশ কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ-বাহিনী, পুলিশ, নৌ-পুলিশ ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা | নির্বাচিত জেলা এবং এর আশপাশের জেলা থেকে জেলেরা উপস্থিত হয়ে উদ্বোধনী সমাবেশ ও নৌ-র‍্যালি সাফল্যমন্ডিত করবে। |
| **২য় দিন**<br>**১২/০৩/২৪** | ১। জাটকা সংরক্ষণ বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনী ও প্রচার প্রচারণা<br>২। ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, আড়ৎ, মাছ বাজার ও জনাকীর্ণ বিভিন্ন পয়েন্টে জাটকা সংরক্ষণ আইন বিষয়ে প্রচারণা ও অভিযান পরিচালনা। | • উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা | ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য বাজারসহ অন্যান্য জনবহুল ৭-৮টি স্থানে প্রচারণা (যাত্রাবাড়ী, সোয়ারীঘাট, বাহাদুর শাহ পার্ক, কারওয়ান বাজারসহ) |

| | | | |
|---|---|---|---|
| **৩য় দিন**<br>**১৩/০৩/২৪** | বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি টিভি চ্যানেলে জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান।<br>অংশগ্রহণে: মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর (এফএলআইডি)<br>• বাংলাদেশ টেলিভিশন | বিটিভি/অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলে প্রচার |
| | ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, আড়ৎ, মাছ বাজার ও জনাকীর্ণ বিভিন্ন পয়েন্টে জাটকা সংরক্ষণ আইন বিষয়ে প্রচারণা ও অভিযান পরিচালনা। | • উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | স্থান-ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, মাছের আড়ৎ, বাজারসহ। |
| **৪র্থ দিন**<br>**১৪/০৩/২৪** | ১। বাংলাদেশ বেতারে জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান।<br>অংশগ্রহণে: মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর; চেয়ারম্যান, বিএফডিসি এবং মহাপরিচালক, বিএফআরআই।<br>২। ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, আড়ৎ, মাছ বাজার ও জনাকীর্ণ বিভিন্ন পয়েন্টে জাটকা সংরক্ষণ আইন বিষয়ে প্রচারণা ও অভিযান পরিচালনা। | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর<br>• বাংলাদেশ বেতার<br>• উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা | বাংলাদেশ বেতারসহ অন্যান্য বেসরকারি জনপ্রিয় রেডিও চ্যানেলে প্রচার<br>ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য বাজার |
| **৫ম দিন**<br>**১৫/০৩/২৪** | ১। ইলিশ বিষয়ক কর্মশালা<br>২। ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, আড়ৎ, মাছ বাজার ও জনাকীর্ণ বিভিন্ন পয়েন্টে জাটকা সংরক্ষণ আইন বিষয়ে প্রচারণা ও অভিযান পরিচালনা। | • বিএফআরআই<br>• উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা | ঢাকার যেকোন মিলনায়তন বা কনভেনশন সেন্টার;<br>ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য বাজার |
| **৬ষ্ঠ দিন**<br>**১৬/০৩/২৪** | জাটকা সংরক্ষণে অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা | • উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা | ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য বাজার |
| **৭ম দিন**<br>**১৭/০৩/২৪** | বিশেষ ভ্রাম্যমাণ আদালত/অভিযান পরিচালনা | • উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা ও জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা।<br>• র‍্যাব, যাত্রাবাড়ি | ঢাকা মহানগরের বিভিন্ন আড়ৎ, বাজার ও অবতরণ কেন্দ্র |

**বিশেষ দ্রষ্টব্য:** দেশের জাটকা সমৃদ্ধ ২০ টি জেলার মধ্যে ১৯ টি জেলার (চাঁদপুর ব্যতীত) প্রতিটির একটি করে উপজেলা অর্থাৎ ১৯ টি উপজেলায় জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। সপ্তাহব্যাপী পত্র পত্রিকায় বিজ্ঞাপন প্রচার ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/ফিলার/জিঙ্গেল/টিভি স্পট ইত্যাদি প্রচার কার্যক্রম চলবে। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

**চ) জাটকা সমৃদ্ধ জেলা/উপজেলাসমূহে ১১মার্চ হতে ১৭মার্চ, ২০২৪ তারিখ পর্যন্ত 'জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৪' নিম্নোক্তভাবে পালিত হবে**

| দিন ও তারিখ | কার্যক্রম | বাস্তবায়নকারী | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| **১ম দিন**<br>**১১/০৩/২৪** | • শুভ উদ্বোধনের মাধ্যমে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও জেলেদের নিয়ে আলোচনা অনুষ্ঠান, র‍্যালি/নৌ-র‍্যালি | জাটকা সংরক্ষণ সংক্রান্ত ''জেলা/উপজেলা টাস্ক ফোর্স কমিটি'' | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |
| **২য় ও ৩য় দিন**<br>**১২/০৩/২৪**<br>**ও**<br>**১৩/০৩/২৪** | • স্থানীয় বাজার, জেলেপল্লী ও মাছঘাটে ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন<br>• ভ্রাম্যমাণ আদালত/ অভিযান পরিচালনা | জাটকা সংরক্ষণ সংক্রান্ত ''জেলা/উপজেলা টাস্ক ফোর্স কমিটি'' | জন সমাগম হয় এমন স্থান |
| **৪র্থ দিন**<br>**১৪/০৩/২৪** | • হাট বাজারে অভিযান পরিচালনা<br>• জেলেদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা (নৌকা বাইচ, হাডুডু, সাঁতার ইত্যাদি) | জাটকা সংরক্ষণ সংক্রান্ত ''জেলা/উপজেলা টাস্ক ফোর্স কমিটি'' | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |
| **৫ম ও ৬ষ্ঠ দিন**<br>**১৫/০৩/২৪**<br>**ও**<br>**১৬/০৩/২৪** | • মৎস্যজীবী জেলে পল্লীতে জাটকা সংরক্ষণ বিষয়ক সচেতনতা ও উদ্বুদ্ধকরণ সমাবেশ/ পথ নাটক/ আঞ্চলিক সংগীত/লোক সংগীত ইত্যাদি।<br>• ভ্রাম্যমাণ আদালত/ অভিযান পরিচালনা | জাটকা সংরক্ষণ সংক্রান্ত ''জেলা/উপজেলা টাস্ক ফোর্স কমিটি'' | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |
| **৭ম দিন**<br>**১৭/০৩/২৪** | • জাটকা রক্ষায় সমন্বিত বিশেষ অভিযান পরিচালনা | জাটকা সংরক্ষণ সংক্রান্ত ''জেলা/উপজেলা টাস্ক ফোর্স কমিটি'' | |

**বিশেষ দ্রষ্টব্য**

১। ১ম দিনের কর্মসূচি ব্যতীত স্থানীয় অবস্থার নিরিখে কর্মসূচির ধরণ অক্ষুন্ন রেখে বাস্তবায়নের দিন/তারিখ পরিবর্তনযোগ্য।
২। সপ্তাহ শুরুর সাত দিন পূর্ব থেকে সপ্তাহব্যাপী মাইকিং, লিফলেট বিতরণ, ভিডিও প্রদর্শন ও স্থানীয় পত্র/পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ইত্যাদি প্রচার-প্রচারণা কার্যক্রম চলবে।
৩। সাত দিনব্যাপী জাটকা সমৃদ্ধ এলাকার মসজিদে নামাজের পূর্বে ইমামদের মাধ্যমে কর্তৃক জাটকা আহরণ/ক্রয়/ভক্ষণ থেকে বিরত থাকার বিষয়ে মুসল্লীদের আহবান জানাতে হবে।
৪। সাত দিনব্যাপী জাটকা রক্ষায় মোবাইল কোর্ট/অভিযান চলমান থাকবে।

**ছ) এছাড়াও নিম্নবর্ণিত কার্যক্রমগুলো গৃহীত হবে:**

১. সংশ্লিষ্ট জেলা ও উপজেলাসমূহ 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪' যথাযথভাবে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে;

২. নৌ-র‍্যালিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশ নৌবাহিনী, কোস্টগার্ড এবং নৌ-পুলিশ সুসজ্জিত নৌযান সরবরাহ করবে;

৩. জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে;

৪. জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের অনুমোদিত কর্মসূচি গুরুত্বের সাথে পালনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সপ্তাহ শেষে স্থির চিত্র সংবলিত প্রতিবেদন মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন;

৫. জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪ এর শ্লোগান/প্রতিপাদ্য হিসেবে **''ইলিশ হলো মাছের রাজা - জাটকা ধরলে হবে সাজা''** ব্যবহৃত হবে;

৬. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর জাটকা নিধন বন্ধে গৃহীত কার্যক্রমসমূহ এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৪ এ মাঠ পর্যায়ের কর্মসূচি নিবিড়ভাবে মনিটরিং করবে;

৭. জাটকা রক্ষার গুরুত্ব তুলে ধরে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার এবং সপ্তাহ উদযাপনের জন্য তথ্য/শ্লোগান সরকারি ও বেসরকারি টেলিভিশনে স্ক্রল আকারে প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয় এবং শ্লোগানটি মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

৮. কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ১৫ মার্চ, ২০২৪ তারিখে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আয়োজনে ইলিশ ও জাটকা সংরক্ষণের গুরুত্ব এবং এ সংক্রান্ত গবেষণার অগ্রগতি বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হবে;

৯. জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারের লক্ষ্যে অনুষ্ঠানাদির রেকর্ডিংসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবেন এবং মৎস্য অধিদপ্তর প্রচারের জন্য প্রয়োজনীয় লিফলেট ও ফোল্ডার তৈরীপূর্বক মাঠ পর্যায়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

১০. উদ্বোধন স্থানের পাশাপাশি বাংলাদেশ সচিবালয়সহ ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়ক/দ্বীপ সজ্জিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১১. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন তাদের ফ্রিজিং ভ্যানের মাধ্যমে প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

সভাপতি জাটকা রক্ষার মাধ্যমে ইলিশ সম্পদের উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আসন্ন 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৪' সাফল্যমন্ডিত করতে সকলের সহযোগিতা কামনা করে সকলকে আন্তরিক ধন্যবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ : ২৯/০২/২০২৪ খ্রি.
(মোঃ আব্দুর রহমান)
মন্ত্রী

নং-৩৩.০০.০০০০.১২৭.২৩.০০৩.২৪.৫২

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ ফেব্রুয়ারি ২০২৪খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৪. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৫. সিনিয়র সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৬. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা ;
৭. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৯. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
১০. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা ;
১১. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), হেডকোয়ার্টার্স, পিলখানা, ঢাকা ;
১২. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ভিডিপি, হেডকোয়ার্টার্স, খিলগাঁও, ঢাকা ;
১৩. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা ;
১৪. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা ;

১৫.	এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, গুলফেঁশা টাওয়ার, মগবাজার, ঢাকা ;
১৬.	মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা ;
১৭.	মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা ;
১৮.	চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা ;
১৯.	অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২০.	চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, শাহবাগ, ঢাকা ;
২১.	চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা ;
২২.	অতিরিক্ত আইজিপি, নৌ পুলিশ, লেভেল-১৩, টাওয়ার-১, পুলিশ প্লাজা কনকর্ড, গুলশান-১ ঢাকা-১২১২ ;
২৩.	পরিচালক, সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা ;
২৪.	পরিচালক, নৌ অপারেশন্স, বাংলাদেশ নৌ বাহিনী, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ;
২৫.	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা ;
২৬.	মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ ;
২৭.	মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা ;
২৮.	অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা ;
২৯.	পরিচালক (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা ;
৩০.	উপপরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, কাওরান বাজার, ঢাকা ;
৩১	উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও পরিকল্পনা/ মৎস্য চাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা ;
৩২.	প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, ঢাকা ;
৩৩.	সভাপতি/সদস্য সচিব, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাত্রী পরিবহন) সংস্থা ;
৩৪.	সভাপতি/সদস্য সচিব, লঞ্চ মালিক সমিতি ;
৩৫.	সভাপতি/সদস্য সচিব, ট্রাক মালিক সমিতি ;
৩৬.	সভাপতি/সদস্য সচিব, বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগ ;
৩৭.	সভাপতি/সদস্য সচিব, বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি, ২৩/২ তোপখানা রোড, ঢাকা ;
৩৮.	সভাপতি/সদস্য সচিব, জাতীয় মৎস্যজীবী সমিতি, ১২৩ নিউ কাকরাইল রোড, মৌবন সুপার মার্কেট, ঢাকা ;
৩৯.	সভাপতি/সদস্য সচিব, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, ৯-ডি, মতিঝিল বা/এ, ঢাকা।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

০১।	মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০২।	সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৩।	সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৪।	অতিরিক্ত সচিব (মৎস্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ;
০৫।	অফিস কপি।

২৯/০২/২০২৪
(মো: আবদুর রহমান)
উপসচিব